## SUMMER INTERNSHIP নিয়ে কিছু প্রয়োজনীয় কথাঃ

2023-24 শিক্ষাবর্ষ থেকে New Education Policy (NEP) 2020 অনুসারে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে থাকা সব কলেজে CCF 2022 চালু হয়েছে।
সম্পূর্ণ নতুন এই পাঠক্রমে ভর্তি হওয়া ছাত্রছাত্রীরা, যদি প্রয়োজন হয়, Exit policy অনুযায়ী 2nd Sem, অথবা 4th Sem, অথবা 6th Sem পরীক্ষায় উত্তীর্ণ হয়ে এই UG (Under Graduate) স্তরের পড়াশুনা শেষ করতে পারে। উক্ত তিনটি Semesterএর যে কোনোটিতে Exit করার শর্ত হলো ছাত্রছাত্রীদের একটি Summer Internship programme সম্পূর্ণ করতে হবে।
কোনো ছাত্র/ছাত্রী যদি 2nd Sem এর পর Exit করে, সে 'এক বছরের কোর্স complete করেছে', এই মর্মে C.U থেকে Certificate পাবে।
কোনো ছাত্র/ছাত্রী যদি 4th Sem এর পর Exit করে, সে 'দুই বছরের কোর্স complete করেছে', এই মর্মে C.U থেকে Diploma পাবে।

আর, কোনো ছাত্র/ছাত্রী যদি 6th Sem এর পর Exit করে, সে 'তিন বছরের কোর্স complete করেছে', এই মর্মে C.U থেকে Degree পাবে।

### Summer Internship এর উদ্দেশ্যে কি?

Internship যেকোনো ছাত্র ছাত্রীর জন্য খুব গুরুত্বপূর্ণ এবং উপযোগী একটা training প্রক্রিয়া। এই প্রক্রিয়ার মধ্যে দিয়ে গেলে একজন ব্যক্তি, একটি সংস্থা বা প্রতিষ্ঠান বা অফিস অথবা যেকোনো কাজের জায়গাকে ও সেখানকার কাজের ধরন প্রাথমিকভাবে বুঝতে পারে এবং অভিজ্ঞতা অর্জন করতে পারে যা পরবর্তীতে চাকরির ক্ষেত্রে প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতেও সাহায্য করে। বিশেষ করে ছাত্রছাত্রীদের ভবিষ্যতের চাকরির ক্ষেত্রে বিশেষ উপকার হবে। ছাত্রছাত্রীরা যেমন চাকরির ক্ষেত্রে উপকার পাবে, তেমনি যে সংস্থায় তারা Internship করবে, সেই সংস্থাও উপকৃত হবে।

### কোন্ ছাত্রছাত্রীরা Summer Internship করবে এবং কখন করবে?

B.A./B.Sc./B.Com-এর Hons (CCF) এবং Gen (MDC) এর 2nd/4th/ 6th সেমিস্টারের ছাত্রছাত্রীরা Summer Internship programme গুলোতে অংশগ্রহণ করবে।
Summer Internship-এর সময়কাল 15 দিনের। প্রতি বছর 16 মে থেকে 30 মে পর্যন্ত, Summer Recess এর মধ্যে, এই programme এ অংশগ্রহন করতে হবে। তবে C.U -র নির্দেশ মোতাবেক কেবলমাত্র এই বছর (2024) ছাত্রছাত্রীরা 30 June, 2024 এর মধ্যে Internship programme সম্পূর্ণ করতে পারবে।
Mentor হিসাবে মনোনীত অধ্যাপক/অধ্যাপিকাগন এই প্রোগ্রামের পরিকল্পনা করবেন এবং প্রোগ্রাম চলাকালীন ছাত্রছাত্রীদের অগ্রগতি পর্যবেক্ষণ করবেন।

### Summer Internship এর পদ্ধতি কেমন হবে?

গ্রীষ্মকালীন ইন্টার্নশিপ প্রোগ্রামের মধ্যে Community Engagement programme এবং Field based learning অথবা Minor project গুলি অন্তর্ভুক্ত থাকবে। এটি UGC নির্ধারিত এবং নির্দেশিত।

কলেজগুলি স্থানীয় চাহিদা এবং সম্ভাব্যতা অনুসারে এই জাতীয় প্রোগ্রামগুলি ছাত্রছাত্রীদের করাতে পারবে I

প্রকল্পের নোট-বুক এর মূল্যায়ণ এবং ভাইভা কলেজের বাইরের একজন অধ্যাপক দিয়ে করাতে হবে। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের অনুমোদন থাকতে হবে। কলেজের সুপারিশ এর ভিত্তিতে বিশ্ববিদ্যালয় ঐ নির্দিষ্ট অধ্যাপক নিযুক্ত করবেন। তবে মূল্যায়ণের আগে কলেজের কোনো অধ্যাপককে ছাত্রের প্রকল্পের নোট বুকে সই করতে হবে।

**কত নম্বর পেতে হবে?**

কোর্স ছেড়ে যে সমস্ত ছাত্রছাত্রীরা চলে যেতে চায়,যেতেই পারে । তবে তার আগে ছাত্র/ ছাত্রীকে 3 Credits এর গ্রীষ্মকালীন ইন্টার্নশিপ সম্পূর্ণ করতে হবে। এই Completed Internship programme report এর জন্য 2 Credits (50 marks) এবং Viva-র জন্য 1 Credit (25 marks)। Internship -এ qualify বা pass করার জন্য কমপক্ষে 30% নম্বর পেতে হবে। ছাত্র/ছাত্রী তার Mentor এর সাথে কথা বলে যখন সুবিধা হবে তখন এই গ্রীষ্মকালীন ইন্টার্নশিপ প্রোগ্রামে অংশগ্রহণ করতে পারবে। গ্রীষ্মকালীন ইন্টার্নশিপে পাওয়া নম্বর কলেজের সংগ্রহে থাকবে।

কোনো ছাত্র/ছাত্রীর Internship Mentor হিসাবে কোন্ শিক্ষক বা শিক্ষিকা আছেন তা জানার জন্য আমাদের কলেজের website (www.dchcollege.org) এ আগে থেকে দেওয়া Mentor-Mentee List দেখতে হবে। এটি একটি Excel file. এখানে গিয়ে Control+F একসাথে টিপে নিজের নাম টাইপ করতে হবে। তাহলেই একজন ছাত্র/ছাত্রীর Mentor এর নাম ও ফোন নম্বর জানা যাবে। তারপর ওই Mentor এর সঙ্গে যোগাযোগ করার দায়িত্ব কিন্তু সংশ্লিষ্ট ছাত্র বা ছাত্রীর।

—--------------------------------------------